

# বাংলাদেশ জাতীয় সঙ্গীত, পতাকা এবং প্রতীক আদেশ, ১৯৭২

(Bnagladesh National Anthem, Flag and Emblem order, 1972)  
(জানুয়ারী ২০১১ পর্যন্ত সংশোধিত)

- ১। ১) এ আদেশ বাংলাদেশ জাতীয় সঙ্গীত, পতাকা এবং প্রতীক আদেশ, ১৯৭২ নামে অভিহিত হবে ।  
 ২) ইহা সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হবে ।  
 ৩) ইহা খুব শীঘ্ৰই কার্যকর হবে ।
- ২। প্রথম তফসিলে বর্ণিত কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের “আমার সোনার বাংলা”-র প্রথম দশ লাইন জাতীয় সঙ্গীত হবে ।
- ৩। জাতীয় পতাকা হবে গাঢ় সবুজ জমিনের মধ্যে লাল রঞ্জের বৃত্ত । জাতীয় পতাকার আকার এবং অন্যান্য বৈশিষ্ট্য দ্বিতীয় তফসিলে উল্লিখিত বর্ণনা অনুসারে হবে ।
- ৪। জাতীয় প্রতীক হবে তৃতীয় তফসিলে বর্ণিত পানিতে ভাসমান শাপলার দুপাশে দুটি ধানের শীষ এবং শাপলা ফুলের ওপারের দিকে পাট পাতা এবং পাতার উভয় পার্শ্বে দুটি তারা দ্বারা পরিবেষ্টিত ।
- ৫। যদি কেহ এ আদেশ অথবা এতদুদ্দেশ্যে প্রণীত বিধিমালার কোন বিধান লজ্জান করে তবে তিনি ১(এক) বৎসর পর্যন্ত কারাদণ্ডে অথবা ৫০০০(পাঁচ হাজার) টাকা পর্যন্ত অর্থদণ্ড অথবা উভয়দণ্ডে দণ্ডিত হবে ।
- ৬। সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে এ আদেশ প্রতিপালনের উদ্দেশ্যে বিধিমালা প্রণয়ন করতে পাবে ।
- ৭। এ আদেশের বিধানাবলী সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের পতাকা বিধি-১৯৭২ এবং জাতীয় প্রতীক বিধি-১৯৭২ যতটুকু প্রযোজ্য সংশোধিত এবং বাতিল না হওয়া পর্যন্ত অব্যাবহভাবে কার্যকর থাকবে ।

### প্রথম তফসিল (আর্টিকেল - ২)

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালবাসি।  
 চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস, আমার প্রাণে বাজায় বাঁশী।।।  
 ও মা, ফাঞ্জনে তোর আমের বনে ঝাগে পাগল করে,  
 মরি হায়, হায় রে-  
 ও মা, অস্থানে তোর ভরা ক্ষেতে, আমি কি দেখেছি মধুর হাসি।  
 কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো-  
 কী আঁচল বিছায়েছ বটের মূলে, নদীর কুলে কুলে।  
 মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো,  
 মরি হায়, হয় রে-  
 মা, তোর বদনখানি মলিন হলে, ও মা, আমি নয়ন জলে ভাসি।।।

### দ্বিতীয় তফসিল (আর্টিকেল - ৩)

- ১। পতাকার আকার হবে-
  - ক) ভবনে ব্যবহারের জন্য
    - অ)  $10' \times 6'$
    - আ)  $5' \times 3'$
    - ই)  $2\frac{1}{2}' \times 2\frac{1}{2}'$
  - খ) গাড়ীতে ব্যবহারের জন্য
    - অ)  $15'' \times 9''$  বড় গাড়ীর জন্য
    - আ)  $10'' \times 6''$  ছেট এবং মধ্যম আকারের গাড়ীর জন্য
- ২। পতাকার অনুপাত সমূহ নিম্নরূপ হবে-
  - খখন পতাকার দৈর্ঘ্য  $10''$ 
    - ক) এর প্রাঙ্গণ হবে  $6''$
    - খ) পাতাকার লাল বৃত্তের ব্যসার্ধ হবে  $2''$
    - গ) যদি পতাকার দৈর্ঘ্যের বাম পার্শ্বে হতে  $4\frac{1}{2}'$  দূরে একটি লম্ব এবং প্রস্তুত মধ্যভাগ হতে একটি আনুভূমিক লাইন আঁকা হয় তাহলে লাল বৃত্তের কেন্দ্র বিন্দু হবে দুই কঞ্চিত রেখাদ্বয়ের ছেদ বিন্দুতে।
  - ৩) পতাকার রং হবে-
    - ক) পতাকার জমিন : H.2RS, 50 Parts per 1000 গাঢ় উজ্জ্বল সবুজ;
    - খ) লাল বৃত্তাকার অংশ : H.2RS, 60 parts per 1000 গাঢ় উজ্জ্বল কমলা।